কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনা ও ট্রেনে কাটা পড়ে দুইজনের মৃত্যু

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনা ও ট্রেনে কাটা পড়ে দুইজনের মৃত্যু হয়েছে। এতে আহত হয়েছে আরও দুজন। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৯টার দিকে সদর উপজেলা মোড়ে বাস ও অটোরিকশার সংঘর্ষে দবোরা খানম সারিকা নামে এক আইনজীবী নিহত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, উপজেলা মোড় এলাকায় একটি অটোরিকশা হঠাৎ মহাসড়কে উঠে গেলে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা শ্যামলী এন.আর পরিবহনের বাস সেটিকে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হন আইনজীবী সারিকাসহ আরও দুইজন। স্থানীয়রা দ্রুত আহতদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসকরা আইনজীবী দবোরা খানমকে মৃত ঘোষণা করে।

এদিকে, দুপুর ১২টার দিকে কুষ্টিয়ার পোড়াদহে ট্রেনে কাটা পড়ে মিজানুর রহমান নামে আরও এক ব্যক্তি নিহত হয়েছেন।

কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোশারফ হোসেন জানান, দুর্ঘটনায় নারী আইনজীবী নিহত হয়েছেন। আরও দুইজন আহত হয়ে জেনারেল হাসপাতালে ভর্তি আছেন। এছাড়াও ট্রেনে কাটা পড়ে একজনের মৃত্যু হয়েছে। দুজনের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় স্ত্রীর মৃত্যু, পা হারালেন

স্বামী

কুষ্টিয়ার ভেড়ামারায় ড্রাম ট্র্যাকের সাথে মোটর সাইকেলের মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় স্ত্রী’র মৃত্যু হয়েছে। সড়ক দুর্ঘটনায় পা হারালেন স্বামী রিমন হোসেন (২৪)।

নিহত তারিন হক রিতু (১৯) ভেড়ামারা উপজেলার বাহিরচর ইউনিয়নের ১৬দাগ মধ্য পাড়া এলাকার মৃত রাশেদুল হক রতনের মেয়ে।

ভেড়ামারা থানা ও এলাকাবাসী সুত্রে জানা গেছে, মঙ্গলবার সকাল ৮টার সময় মোটর সাইকেল যোগে কুষ্টিয়ার উদ্দেশে রওনা হয়। ভেড়ামারা- কুষ্টিয়া মাহাসড়কের ১২ মাইল নামকস্থানে ঘাতক ড্রাম ট্র্যাক মোটর সাইকেলকে চাপা দিলে ঘটনাস্থলে তারিন হক রিতু’র মৃত্যু হয়।

তারিন হক রিতু’র স্বামী এক পা হারান। আহত তারিন হক রিতু’র স্বামী কে রাজশাহী মেডিকেল হাসপাতালে প্রেরণ করেন।

এদিকে ঘটনার সত্যতা নিশ্চিত করে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রব তালুকদার বলেন, সড়ক দুর্ঘটনায় ভেড়ামারার ১২ মাইল নামকস্থানে ঘাতক ড্রাম ট্র্যাক মোটর সাইকেলকে চাপা দিলে ঘটনাস্থলে তারিন হক রিতু’র মুত্যু হয়। তারিন হক রিতু স্বামী এক পা হারান।

আলমডাঙ্গায় পানিতে ডুবে কন্যাশিশুর মৃত্যু

আলমডাঙ্গা বলরামপুরে পানিতে ডুবে কন্যাশিশুর মৃত্যু হয়েছে। অল্পের জন্য বেঁচে গেছে চাচাতো ভাই শিশু ইব্রাহিম।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাশপুর ইউনিয়নের বলরামপুর গ্রামের রবিউল ইসলামের কন্যা হাপসা খাতুন (২) ও মোবারেক হোসেনের ছেলে ইব্রাহিম হোসেন (২ বছর ৬ মাস) একসাথে খেলা করতে

করতে পাশের পুকুরে পড়ে যায়। ঘটনাটি ঘটেছে সোমবার বিকেল ৪টার দিকে।

তারা দুজনই পানিতে ডুবে যায়। ইব্রাহিমের পিতা মোবারেক প্রথমে তাদের হাত নাড়তে দেখে পানিতে ঝাঁপ দিয়ে ছেলে ইব্রাহিমকে উদ্ধার করেন। কিছুটা দূরে ভাসতে দেখে আপন ভাই রবিউলের মেয়ে হাপসা খাতুনকেও পানি থেকে তোলা হয়। তবে ততক্ষণে সে মারা যায়।

মৃতের বাড়িতে গিয়ে দেখা গেছে, অতি সুন্দর চেহারার অধিকারী শিশু হাপসা খাতুনের মৃত্যুর ঘটনায় নিজ পরিবার, পাড়াপ্রতিবেশী ও আত্মীয়স্বজনের মাঝে নেমে এসেছে শোকের ছায়া। তাদের কান্নাকাটিতে আকাশ-বাতাস ভারী হয়ে উঠেছে।

শিশু হাপসার লাশ বাদ এশার নামাজের জানাজা শেষে গ্রামের কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিকের মৃত্যু

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একজন শ্রমিকের মৃত্যু হয়েছে। কারখানায় কাজ করার সময় ঘটে দুর্ঘটনা, এলাকায় শোকের ছায়া। আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে পচা (৫০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গকতাল বৃহস্পতিবার ভোরে উপজেলার হাটবোয়ালিয়া আমতৈল পালপাড়ায় একটি মাটির রিং স্লাব (পাট) তৈরির কারখানায় এ দুর্ঘটনা ঘটে।
স্থানীয় সূত্র জানায়, ভোরে প্রতিদিনের মতো পচা কারখানায় কাজে যোগ দেন। কাজের একপর্যায়ে টিউবওয়েলের সঙ্গে লাগানো মোটরে হাত দিলে তিনি বিদ্যুতায়িত হন। এ সময় তিনি মাটিতে লুটিয়ে পড়েন। সহকর্মীরা চিৎকার শুরু করলে স্থানীয়রা দৌড়ে এসে তাঁকে উদ্ধার করে দ্রুত আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।
খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। তবে এ ঘটনায় কারো বিরুদ্ধে কোনো অভিযোগ পাওয়া যায়নি। স্থানীয়দের সঙ্গে কথা বলে

জানা গেছে, দীর্ঘদিন ধরে তিনি ওই কারখানায় শ্রমিক হিসেবে কাজ করতেন। দুর্ঘটনায় তাঁর মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে। প্রতিবেশীরা জানান, তিনি পরিশ্রমী ও শান্ত স্বভাবের মানুষ ছিলেন। হঠাৎ মৃত্যুর ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমে এসেছে।
আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাসুদুর রহমান বলেন, “ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। এটি একটি দুর্ঘটনা। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।”

কোটচাঁদপুরে গলায় ফাঁস দিয়ে যুবকের মৃত্যু

গলায় ফাঁস দিয়ে শিমুল হোসেন (১৯) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। সে কাগমারী গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে। আজ বৃহস্পতিবার কোটচাঁদপুর থানা পুলিশ তাঁর লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছেন।

জানা যায়, কোটচাঁদপুরের কাগমারী গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে শিমুল হোসেন (১৯)। সে কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডের শওকত আলীর ওয়েলডিং কারখানায় কাজ করেন। পেশায় সে ওয়েলডিং মিস্ত্রি। শিমুল রাতে প্রতিনিয়ত দেরিতে ফেরেন। আর কাজ করে টাকা পযসার কোন হিসাব দেন না বাড়িতে।

এ নিয়ে গতকাল বুধবার রাতে শিমুল বাড়িতে ফিরলে, তাঁর পিতার সঙ্গে বাকবিতন্ডা হয়। সে ক্ষোভে শিমুল রাতের খাবার খেয়ে তাঁর শোবার ঘরে শুয়ে পড়েন। এরপর রাতে কোন এক সময় তাঁর শোবার ঘরের বাশের সঙ্গে গামছা দিয়ে গলায় ফাঁস দেন।

আজ বৃহস্পতিবার সকালে তাঁর ঝুলন্ত লাশ দেখতে পান শিমুলের ভাবী বন্যা খাতুন। লাশ দেখে সে চিৎকার দিলে স্থানীয়রা ছুটে আসেন। পরে তাঁর লাশ উদ্ধার করা হয়। খবর পেয়ে থানা পুলিশ লাশটি ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছেন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, খবর পেয়ে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। রিপোর্টে তেমন কিছু পেলে ব্যবস্থা নেয়া হবে। এখন থানায় অপমৃত্যুর মামলা হয়েছে।

কোটচাঁদপুরে বিদ্যুতের তারে জড়িয়ে গরুসহ কৃষকের মৃত্যু, আহত ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে ড্রাগন ক্ষেতে শেয়াল প্রবেশ ঠেকাতে বেড়া দেওয়া বিদ্যুতের তারে জড়িয়ে একটি গরুসহ শাহাদত হোসেন নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। আহত হয়েছে ইকতার হোসেন নামের আরও একজন।

বৃহস্পতিবার সকালে উপজেলার তারসার গ্রামে এ ঘটনা ঘটে। মৃত শাহাদত হোসেন ওই গ্রামের মৃত আমীর আলীর ছেলে।

স্থানীয় পল্লী চিকিৎসক মশিউর রহমান জানান, তালসার গ্রামের একটি ড্রাগন ফলের বাগান রক্ষার জন্য মালিক আজিজুল হক জমির চারপাশে বৈদ্যুতিক তার পেঁচিয়ে রাখেন।

বৃহস্পতিবার সকালে শাহাদত হোসেন নিজের জমি চাষ করতে একই গ্রামের চাষি ইকতার হোসেনকে নিয়ে মাঠে যান। জমি চাষের সময় বিদ্যুতের তার গরুর পায়ে পেচিয়ে গেলে গরুটি পড়ে যায়।

সেসময় শাহাদত ও কৃষক ইকতার গরুটি তুলতে গেলে তারা বিদ্যুতায়িত হয়। এতে ঘটনাস্থলেই শাহাদত হোসেন ও একটি গরু মারা যায়। আহত হয় ইকতার। সেখান থেকে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

কোটচাঁদপুর মডেল থানা ওসি কবির হোসেন মাতুব্বর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, ড্রাগন বাগানের মালিক আজিজুল হক পলাতক রয়েছেন। তাকে আটকের চেষ্টা চলছে।

গাংনীতে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে মুরসালিন (১০) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

বুধবার (৩ সেপ্টেম্বর) দুপুরের দিকে উপজেলার কল্যাণপুর মন্ডলপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। মৃত মুরসালিন ওই গ্রামের মোঃ আলাউদ্দিনের ছেলে এবং নওদাপাড়া হাফিজিয়া মাদ্রাসার ছাত্র।

স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার দুপুরে মুরসালিন ও আরও কয়েকজন মিলে বাড়ির পাশের একটি পুকুরে গোসল করতে যায়। গোসলের এক পর্যায়ে মুরসালিন পুকুরের মাঝখানে চলে গেলে হঠাৎ করেই ডুবে যায়। পরে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ বানী ইসরাইল পানিতে ডুবে শিশু মুরসালিনের মৃত্যুর ঘটনা নিশ্চিত করেছেন।

দামুড়হুদায় পানিতে ডুবে যুবকের মৃত্যু

দামুড়হুদায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে বাবু হোসেন (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। মৃত বাবু হোসেন উপজেলা সদরের মালিথা পাড়ার শুকুর আলীর ছেলে।

গতকাল সোমবার দুপুর ১ টার দিকে এই ঘটনা ঘটে।

প্রতিবেশীরা জানায়, বাবু দুপুর ১ টার দিকে বাড়ীর পাশ্ববর্তী

মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। গোসল করার সময় সে নদীতে ডুব দিয়ে আর উঠেনি। পরে নদীতে গোসল করতে যাওয়া অন্য লোকজন বাবুকে আশেপাশে না দেখতে পেয়ে তার বাড়ীতে খবর নেয় সে বাড়ীতে গিয়েছে কিনা? বাড়ীতে না আসলে স্থানীয়রা নদীতে খোঁজা খুঁজির এক পর্যায়ে ডুবন্ত অবস্থায় তার মরদেহ উদ্ধার করে। এদিকে তার পরিবারের লোকজন বলছে তার ইপিলেকসি (মৃর্গি) রোগ ছিল। গোসল করার সময় হয়তো সে আক্রান্ত হয়ে ডুবে মারা গেছে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দামুড়হুদা মডেল থানার সাব-ইন্সপেক্টর (তদন্ত) হিমেল রানা বলেন, নিহিত বাবু বাকপ্রতিবন্ধী এবং সেই সাথে তার ইপিলেকসি (মৃর্গি) রোগ ছিল। সে কারণে হয়তো পানিতে ডুব দেওয়ার পর আক্রান্ত হয়ে মারা গেছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন!

আফগানিস্তানে ভূমিকম্পে মৃত্যু বেড়ে ৫০০, চলছে উদ্ধারকাজ

আফগানিস্তানের পূর্বাঞ্চলে সোমবার শক্তিশালী ৬ মাত্রার ভূমিকম্পে অন্তত ৫০০ জন মারা গেছে ও আরো এক হাজারের বেশি মানুষ আহত হয়েছে বলে জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম রেডিও টেলিভিশন আফগানিস্তানের (আরটিএ) বরাত দিয়ে জানিয়েছে রয়্টার্স।

তবে কাবুলের তালেবান নেতৃত্বাধীন স্বাস্থ্য কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্গম এলাকায় পৌঁছানোর কাজ এখনো চলমান থাকায় সরকারি হিসেবে হতাহতের সঠিক সংখ্যা এখনো নিশ্চিত করা সম্ভব হয়নি।

মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থার (ইউএসজিএস) তথ্য অনুযায়ী, ভূমিকম্পটি স্থানীয় সময় রবিবার রাত ১২টার (বাংলাদেশ সময় ভোর সাড়ে ৩টা) দিকে পাকিস্তান সীমান্তের কাছে জালালাবাদ শহর থেকে প্রায় ১৭ মাইল দূরে আঘাত হানে।

আফগান জনস্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র শরাফাত জামান বলেন, ‘ভূমিকম্পটি দূরবর্তী পার্বত্য অঞ্চলে আঘাত হানায় মানবিক

ক্ষয়ক্ষতি ও অবকাঠামোর ক্ষতির সঠিক তথ্য পেতে কিছুটা সময় লাগবে।

আমরা উদ্ধার অভিযান শুরু করেছি এবং শত শত মানুষকে ক্ষতিগ্রস্ত এলাকায় সহায়তার জন্য পাঠানো হয়েছে।’
পূর্ব আফগানিস্তানের দুর্গম পার্বত্য এলাকা ভূমিধসপ্রবণ হওয়ায় জরুরি উদ্ধার কার্যক্রম পরিচালনা আরো কঠিন হয়ে পড়েছে। এই ভূমিকম্পটি বিশেষভাবে ভয়াবহ ছিল, কারণ এটি মাত্র ৫ মাইল (৮ কিলোমিটার) গভীরতায় সংঘটিত হয়। ফলে মাঝারি মাত্রার হলেও এর ধ্বংসক্ষমতা ছিল অত্যন্ত বেশি।

এর আগে ২০২২ সালে পূর্ব আফগানিস্তানে ৫.৯ মাত্রার একটি অগভীর ভূমিকম্পে প্রায় ১,০০০ মানুষ নিহত এবং কয়েক হাজার মানুষ আহত হয়েছিল। আফগানিস্তান ভূমিকম্পপ্রবণ এলাকা, কারণ দেশটি ভারত ও ইউরেশীয় প্লেটের মিলনস্থলের ওপর অবস্থিত।

সূত্র: কালের কণ্ঠ

আলমডাঙ্গায় পুকুরে ডুবে দিনমজুরের মৃত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা পৌরসভার পশুহাট এলাকার একটি পুকুরের পানিতে ডুবে খাইরুল ইসলাম (৩৫) নামে এক দিনমজুরের মৃত্যু হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যা ৬টার পর মরদেহটি উদ্ধার করা হয়।

মৃত খাইরুল ইসলামের বাড়ি উপজেলার কুমারী ইউনিয়নের লস্কর আলী পাড়ায়। তিনি পেশায় একজন দিনমজুর।

পরিবার ও স্থানীয়রা জানিয়েছেন, খাইরুল দীর্ঘদিন ধরে মানসিক ও মৃগী রোগে ভুগছিলেন।

স্থানীয় শ্রমিকেরা জানান, এদিন সকালে খাইরুলসহ কয়েকজন শ্রমিক পৌরসভার পশুহাট এলাকার একটি বড় পুকুরে কচুরিপানা পরিষ্কার করার কাজে যোগ দেন। সারা দিন কাজ শেষে সন্ধ্যায় সবাই বাড়ি ফেরার

প্রস্তুতি নেন। তবে খাইরুলকে তখন খুঁজে পাওয়া যাচ্ছিল না। প্রথমে ধারণা করা হয় তিনি হয়তো বাড়ি ফিরে গেছেন। কিন্তু খোঁজাখুঁজির একপর্যায়ে পুকুরের পানিতে তার মরদেহ ভাসতে দেখা যায়। স্থানীয় শ্রমিক ও এলাকাবাসী মরদেহটি উদ্ধার করে। খাইরুল দিনমজুরি করে জীবিকা নির্বাহ করতেন। হঠাৎ এভাবে মৃত্যুর ঘটনায় পরিবার দিশেহারা হয়ে পড়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মাসুদুর রহমান জানান, মৃগী রোগের কারণে খাইরুল পানিতে ডুবে মারা যান বলে ধারণা করা হচ্ছে। যেহেতু পরিবারের কোনো অভিযোগ নেই, তাই আইনি প্রক্রিয়া শেষে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।